



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
BANGLADESH POWER DEV. BOARD

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
ফোন : ৯৫৫৩১০১

সূত্র নং-২৯৬-বিউবো(কর্ম)/৬/৭নিঃ (মেঃঅঃ)/৯৬ (পার্ট-৪)

তারিখ : ২১-০৯-২০১৫ইং

“দপ্তরাদেশ”

নিম্নে বর্ণিত প্রার্থীগণকে নিম্নোক্ত শর্তে বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদিসহ টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/- (এনপিএস-২০০৯) বেতন স্কেলে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে মেডিকেল অফিসার পদে নিয়োগ প্রদানপূর্বক তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত দপ্তরে পদস্থ করা হইল :-

ক্রঃ নং	নাম ও পিতা/স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	পদস্থিত দপ্তর
১	২	৩	৪	৫
১।	ডাঃ সেহুলিনা সিনথি স্বামী-মুহাম্মাদ তানভীর ফয়সল	গ্রাম-পাইকপাড়া ডাকঘর-পাইকপাড়া থানা-আলমডাঙ্গা জেলা-চুয়াডাঙ্গা।	১৩০-দক্ষিণ কুতুবখালী, ডাকঘর-দনিয়া, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা-১২৩৬।	কর্ণফুলী পানি বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, কাগুই।
২।	ডাঃ সানজিদা রহমান পিতা-মোঃ সাইদুর রহমান	গ্রাম-গুলবাগ(শিবতলা) ডাকঘর-চাঁপাইনবাবগঞ্জ, থানা-চাঁপাইনবাবগঞ্জ, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।	পল্লবী-১(৩য় তলা, পশ্চিম), ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র, ডাকঘর-পলাশ, থানা-পলাশ, জেলা-নরসিংদী।	পরিচালন ও সংরক্ষণ সার্কেল, বিউবো, রংপুর।

নিয়োগের শর্তাবলীঃ-

- জাতীয় বেতন স্কেল-২০০৯[স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সমূহ] আদেশ মোতাবেক তাঁহাদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে;
- তাঁহারা চাকুরীতে ২(দুই) বৎসর প্রবেশনার কর্মকর্তা হিসাবে থাকিবেন। প্রবেশনার কর্মকর্তা হিসাবে থাকাকালীন সময়ে সন্তোষজনক চাকুরী এবং পুলিশ কর্তৃক চরিত্র ও প্রাক পরিচয়ের সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে চাকুরী স্থায়ীকরণ(কনফার্ম) করা হইবে। প্রবেশনার কাল শেষে কোন আদেশ জারী না হইলে প্রবেশনার কাল বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তাঁহারা চাকুরীতে স্থায়ী না হওয়া পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না;
- তাঁহাদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে, প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান সম্পর্কিত তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/মিথ্যা পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে তাঁহাদের নিয়োগ আদেশ বাতিল করা হইবে। তাঁহারা পুলিশ ভেরিফিকেশনের জন্য এতদসংগে সংযুক্ত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম পূরণ করিয়া সকল সংলগ্নীসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণাধীন কর্মকর্তার নিকট যোগদানপত্রের সহিত দাখিল করিবেন;
- প্রবেশনার কর্মকর্তা হিসাবে থাকাকালীন সময়ে তাঁহাদের কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্ন বলিয়া বিবেচিত হইলে কিংবা তাঁহারা অফিস শৃংখলার পরিপন্থি কোন কাজে লিপ্ত হইলে বা সন্তোষজনক পুলিশী প্রতিবেদন না পাওয়া গেলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তাঁহাদেরকে চাকুরী হইতে অপসারণ করা হইবে;
- নিয়োগের তারিখে যাহাদের বয়স ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বৎসর উত্তীর্ণ হইয়াছে তাঁহাদের ক্ষেত্রে ৩০/৩২ বৎসরের উর্দ্ধ বয়স শিথিল/প্রমার্জনকৃত বলিয়া গণ্য হইবে;
- অত্রাদেশ জারীর ২১(একুশ) দিনের (১২-১০-২০১৫) মধ্যে স্ব-স্ব পদস্থিত দপ্তরে যোগদান করিতে হইবে এবং এই নির্দিষ্ট সময়সীমার মধ্যে কেহ কাজে যোগদান না করিলে তাঁহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;
- বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরী করিতে তাঁহাদেরকে বাধ্য থাকিতে হইবে;
- বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চাকুরী বিধি ১৯৮২ কিংবা ইহার পরবর্তী সংশোধনী অনুযায়ী তাঁহাদের চাকুরী নিয়ন্ত্রিত হইবে;
- পদস্থিত দপ্তরে যোগদানের জন্য তাঁহাদেরকে কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হইবে না;
- তাঁহাদেরকে যোগদানপত্রের সহিত নিম্নলিখিত কাগজ প্রত্যাাদি দাখিল করিতে হইবে, অন্যথায় যোগদানপত্র গ্রহণযোগ্য হইবে না;
ক) বর্তমানে কোন দপ্তর বা সংস্থায় কর্মরত থাকিলে সেই দপ্তর বা সংস্থার অব্যাহতিপত্র;
খ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিকেল অফিসার/সিনিয়র মেডিকেল অফিসার/মেডিকেল অফিসার অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত কোন সহকারী মেডিকেল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত সনদপত্র;
গ) বোর্ডের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত;

কাজে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ দপ্তর প্রধানকে দেখাইতে হইবে এবং ইহার সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে;

নং	৩৫৬
তারিখঃ	২১/০৯/১৫
সিস্টেম এনালিস্ট	
প্রোগ্রামার	
সহকারী পরিচালক (স্বাঃ)	
সহকারী প্রোগ্রামার - সিনিয়র কম্পিউটার অপারেটর	

চলমান-২

